



বিজ্ঞপ্তি

তারিখ- ০৫.০৩.২০২০

“রাঙিয়ে দিয়ে যাও”

শীতের বিদায়ক্ষেণে জানান দেয় বসন্তের আগমন বার্তা । ঝরাপাতার বেদনা মুছে যায় বিকশিত নবপল্লবে। গুচ্ছ গুচ্ছ পলাশের শোভায় মুগ্ধ কোকিলের কুহরবে মুখরিত বনানী আন্দোলিত হয় দখিলা বাতাসে । ঘোষিত হয় ঋতুরাজ বসন্তের অভিষেক বার্তা প্রকৃতির রাজ্যে । আনন্দ-হিল্লোলের দোলা লাগে আকাশে-বাতাসে-জলে -স্থলে - অরণ্যে। মাতোয়ারা হয়ে ওঠে পিককুল, ফাগুন হাওয়ায় মরমী হৃদয়ে তৈরি হয় অকারণ শূন্যতা । সেই শূন্যতাকে পূর্ণতা দানের জন্য প্রয়োজন হয় হৃদয়কে নানান রঙে রাঙিয়ে দেবার ও রাঙিয়ে নেবার । বসন্ত ডাক দেয় কড়া নাড়ে মনের দুয়ারে হৃদয়কে রাঙিয়ে দেবার প্রতীক্ষায় !

সূর্য সেন মহাবিদ্যালয়ের পক্ষ থেকে এন.এস.এস ইউনিট আয়োজিত “রাঙিয়ে দিয়ে যাও” অনুষ্ঠানে আপনাকে/আপনাদের সকলকে সাদর আমন্ত্রণ ।

স্থান- মহাবিদ্যালয় প্রাঙ্গণ

সময়- বিকেল ৩টা

ধন্যবাদান্তে

এন.এস.এস ইউনিট

সূর্য সেন মহাবিদ্যালয়

Ranjit Kumar Barman  
5/3/20

National Service Scheme, Unit I  
Surya Sen Mahavidyalaya, Siliguri-734004

Abhishek Prasad  
5/3/20

Programme Officer  
National Service Scheme, Unit II  
Surya Sen Mahavidyalaya, Siliguri-734004